দুলাই উচ্চ বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন

Dulai High School
Alumni Association (DHSAA)

গঠনতন্ত্র

দুলাই উচ্চ বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন
গঠনতন্ত্র

১। নামকরণ

অ্যাসোসিয়েশনের নাম - 'দুলাই উচ্চ বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন'। ইংরেজিতে Dulai High School Alumni Association', এবং সংক্ষেপে ডিএইচএস অ্যালামনাই অ্যাসোসিয়েশন / DHSAA নামে পরিচিতি হবে।

২। মনোগ্রাম

অ্যাসোসিয়েশনের একটি নিজস্ব মনোগ্রাম থাকবে।

৩। কার্যকারিতা

২০২০ সালের জানুয়ারি মাসের ২৪ তারিখে বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গনে অনুষ্ঠিত মিলনমেলা ও সাধারণ সভায় অনুমোদিত হওয়ার দিন থেকে গঠনতন্ত্র কার্যকর হলো।

৪। কার্যালয়

অ্যাসোসিয়েশনের নিজস্ব কার্যালয় না হওয়া পর্যন্ত দুলাই উচ্চ বিদ্যালয় অত্র অ্যাসোসিয়েশনের কার্যালয় হিসেবে গণ্য হবে।

৫। লক্ষ্য ও উদ্দেশ্য

অ্যাসোসিয়েশন একটি অরাজনৈতিক ও কল্যাণমুখী প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে পরিচালিত হবে-

ক) দুলাই উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে পরিচিতির সুযোগ সৃষ্টি করা এবং তাঁদের মধ্যে সহমর্মিতা ও সহযোগিতার মনোভাব জাগোরুক রাখা;

খ) অ্যাসোসিয়েশন কর্তৃক বক্তৃতা, সমাবেশ, সিম্পোজিয়াম, সেমিনার, প্রদর্শনী ও ভ্রমণের আয়োজন করা;

গ) বুলেটিন, সাময়িকী, পুস্তক প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা;

ঘ) অ্যাসোসিয়েশনের সদস্যদের প্রয়োজনে তাঁর আবেদনের ভিত্তিতে তাঁর সাহায্যে এগিয়ে আসা;

ঙ) দুলাই উচ্চ বিদ্যালয়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা দান ও বিদ্যালয়ের উন্নয়নে ভূমিকা রাখা;

চ) জাতীয় দুর্যোগ এবং দেশ ও সমাজের প্রয়োজনে কাজ করার জন্য একটি কল্যাণ তহবিল গঠন করা এবং তহবিলের অর্থে জনকল্যাণমূলক কাজের উদ্যোগ গ্রহণ করা;

ছ) দুলাই উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা ও এর উন্নয়নকে বিশেষ অবদান রাখছেন এমন ব্যক্তিবর্গকে সম্মাননা প্রদানের ব্যবস্থা করা;

জ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সমজাতীয় এবং অনুরূপ প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতামূলক কর্মকান্ড পরিচালনা করা;

ঝ) উপরোল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যাবলী অর্জনে সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণ করা।

৬। সম্পদ সংস্থান ও ব্যবহার

অ্যাসোসিয়েশনের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য অ্যাসোসিয়েশন প্রয়োজনীয় অর্থ সংস্থান, স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, হস্তান্তর, বিনিময়, সংগৃহীত অর্থের বিনিয়োগ ও ব্যবহার করবে।

৭। **অ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ**

দুলাই উচ্চ বিদ্যালয়ের সকল প্রাক্তন শিক্ষার্থী অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র অনুযায়ী সদস্য হতে পারবেন।

৮। **সদস্যপদ গ্রহণ**

ক) সাধারণ সদস্যঃ

দুলাই উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা ৫০০/- (পাঁচশত) টাকা প্রদানের মাধ্যমে সাধারণ সদস্যপদ গ্রহণ করতে পারবেন। এটিই সদস্যদের বাৎসরিক ফি হিসাবে গণ্য হবে, যা প্রতি বছর নবায়ণ করতে হবে। নিয়মিত সদস্যরাই কেবল নির্বাচনে অংশগ্রহণ ও ভোট দিতে পারবেন।

খ) জীবন-সদস্যঃ

কেবল অ্যাসোসিয়েশনের সদস্যগণ এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করে জীবন-সদস্যপদ লাভ করতে পারবেন।

৯। **দাতা**

অ্যাসোসিয়েশনের উন্নয়ন ও কল্যাণের জন্য নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠান এককালীন ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করে দাতা হতে পারবেন।

১০। **সর্বোচ্চ পরিষদ**

সাধারণ পরিষদ অ্যাসোসিয়েশনের সর্বোচ্চ পরিষদ হিসেবে গণ্য হবে।

১১। **সাধারণ পরিষদ**

ক) অ্যাসোসিয়েশনের সকল সাধারণ এবং জীবন-সদস্য সমন্বয়ে সাধারণ পরিষদ গঠিত হবে;

খ) সাধারণত প্রতি ইংরেজি পঞ্জিকা বছরের শেষে অ্যাসোসিয়েশনের সাধারণ পরিষদের বার্ষিক সভা অনুষ্ঠিত হবে;

গ) সাধারণ সভার জন্য ন্যূনপক্ষে ২১ (একুশ) দিন পূর্বে নোটিশ দিতে হবে। অনিবার্যকারণে উক্ত সময়ে সভা অনুষ্ঠিত না হলে নির্বাহী পরিষদ সভা করে ১৫ (পনের) দিনের মধ্যে পরবর্তী তারিখ নির্ধারণ করবে। বিশেষ প্রয়োজনে ন্যূনপক্ষে ৭ (সাত) দিনের নোটিশে সাধারণ পরিষদের জরুরি সভা আহ্বান করা যাবে;

ঘ) নির্বাহী পরিষদ মেয়াদান্তে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দ অ্যাসোসিয়েশনের কার্যাবলী পরিচালনার জন্য নতুন পরিষদ গঠন করবে;

ঙ) সাধারণ পরিষদ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদকের বার্ষিক রিপোর্ট এবং কোষাধ্যক্ষের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব, বার্ষিক বাজেট ও ব্যয় বরাদ্দ ইত্যাদি বিবেচনা ও অনুমোদন করবে ;

চ) সাধারণ সভা এবং সাধারণ পরিষদের জরুরি সভার কার্যবিবরণী পরবর্তী সাধারণ সভা কর্তৃক অনুমোদিত হতে হবে;

ছ) নির্বাহী পরিষদ সকল কার্যক্রমের জন্য সাধারণ পরিষদের নিকট দায়ী থাকবে।

১২। বার্ষিক সাধারণ সভার কোরাম ও সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতি

অ্যাসোসিয়েশনের ৫০ (পঞ্চাশ) জন সদস্য উপস্থিত থাকলেই সাধারণ পরিষদের কোরাম হবে এবং সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে।

১৩। নির্বাহী পরিষদ

অ্যাসোসিয়েশনের সকল প্রকার কার্যক্রম পরিচালনার দায়িত্ব নির্বাহী পরিষদের ওপর ন্যস্ত থাকবে। নির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যবৃন্দ অ্যাসোসিয়েশনের সকল কাজ পরিচালনা করবেন।

নির্বাহী পরিষদের গঠন, সদস্য সংখ্যা ও দপ্তরসমূহ

ক) নির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যবৃন্দ অ্যাসোসিয়েশনের সাধারণ পরিষদের সদস্যদের মধ্য হতে নির্বাচিত হবেন;

খ) নির্বাহী পরিষদের সদস্য সংখ্যা হবে ৩১ (একত্রিশ)

গ) নির্বাহী পরিষদের এক-চতুর্থাংশ নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে;

ঘ) নির্বাহী পরিষদের গঠন প্রকৃতি হবে নিম্নরূপ-

১.	সভাপতি	: ১ জন
২.	সহ-সভাপতি	: ৩ জন (দুলাই উচ্চ বিদ্যালয় মনোনীত ১ (এক) জন শিক্ষক অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি হবেন)।
৩.	সাধারণ সম্পাদক	: ১ জন
৪.	যুগ্ম-সাধারণ সম্পাদক	: ২ জন
৫.	কোষাধ্যক্ষ	: ১ জন
৬.	সাংগঠনিক সম্পাদক	: ২ জন
৭.	নারী কল্যাণ সম্পাদক	: ১ জন
৮.	সহ নারী কল্যাণ সম্পাদক	: ১ জন
৯.	সাংস্কৃতিক সম্পাদক	: ১ জন
১০.	সহ সাংস্কৃতিক সম্পাদক	: ১ জন
১১.	প্রকাশনা সম্পাদক	: ১ জন
১২.	সহ প্রকাশনা সম্পাদক	: ১ জন
১৩.	যোগাযোগ সম্পাদক	: ১ জন
১৪.	সহ যোগাযোগ সম্পাদক	: ১ জন
১৫.	দপ্তর সম্পাদক	: ১ জন
১৬.	সহ দপ্তর সম্পাদক	: ১ জন
১৭.	সদস্য	: ১১ জন
মোট		**: ৩১ (একত্রিশ) জন**

১৪। নির্বাহী পরিষদের জরুরি সভা

বিশেষ প্রয়োজনে ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার নোটিশে জরুরি সভা আহবান করা যাবে। সভাপতির অনুমোদনক্রমে সাধারণ সম্পাদক জরুরি সভা ডাকতে পারবেন। অন্যথায় সভাপতি নিজেই ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার নোটিশে জরুরি সভা ডাকতে পারবেন।

১৫। নির্বাহী পরিষদের কোরাম ও সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতি

নির্বাহী পরিষদের সদস্যদের মধ্যে ন্যূনতম এক-চতুর্থাংশ উপস্থিত থাকলে সভার কোরাম হবে। নির্বাহী পরিষদের সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হবে। প্রয়োজনে সভাপতি কাস্টিং ভোট দিতে পারবেন।

১৬। নির্বাহী পরিষদের মেয়াদ ও কার্যক্রম

ক) নির্বাহী পরিষদের মেয়াদ হবে দুই বছর। নির্বাচনের ৭ (সাত) দিনের মধ্যে দায়িত্ব হস্তান্তর/গ্রহণ করতে হবে। এবং ওই দিন থেকে নতুন কমিটির মেয়াদ শুরু হবে;

খ) ২ (দুই) বছর পর পর বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সাধারণ পরিষদের সদস্যদের সম্মতির ভিত্তিতে অথবা নির্বাচনের মাধ্যমে নির্বাহী পরিষদ গঠিত হবে;

গ) অনিবার্যকারণে বার্ষিক সাধারণ সভা যথাসময়ে অনুষ্ঠিত না হলে এবং এর ফলে নতুন নির্বাহী পরিষদ গঠন করা সম্ভব না হলে, পরবর্তী নির্বাহী পরিষদ গঠন না হওয়া পর্যন্ত সর্বোচ্চ ৩ (তিন) মাস, পূর্বের পরিষদ কার্য পরিচালনা করতে পারবে;

ঘ) উক্ত ৩ (তিন) মাসের মধ্যে নতুন পরিষদ নির্বাচিত করা সম্ভব না হলে জরুরি সাধারণ সভা আহবান করে সিদ্ধান্ত নিয়ে পূর্বের পরিষদের মেয়াদ বাড়ানো/নতুন পরিষদ গঠন করা যেতে পারে।

১৭। ব্যাংক হিসাব

নির্বাহী পরিষদ অ্যাসোসিয়েশনের তহবিল সংরক্ষণের জন্য ডিএইচএস অ্যালামনাই অ্যাসোসিয়েশন’ নামে একটি সঞ্চয়ী হিসাব খুলবে। উক্ত হিসাব সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ-এর মধ্যে যে কোন দুইজনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। কোষাধ্যক্ষ জরুরি খরচ নির্বাহের জন্য সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা তাঁর কাছে নগদ রাখতে পারবেন।

১৮। সদস্যপদ স্থগিত এবং বাতিলকরণ

অ্যাসোসিয়েশনের স্বার্থবিরোধী বা অনৈতিক কাজে কোনো সদস্য জড়িত থাকলে নির্বাহী পরিষদ সংখ্যাগরিষ্ঠ ভোটে উক্ত সদস্যের সদস্যপদ স্থগিত বা বাতিল করতে পারবে। তবে সে ক্ষেত্রে উক্ত সদস্যকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

১৯। পদত্যাগ, পদ শূন্য ও পদ পূরণ

ক) নির্বাহী পরিষদের কেউ কোনো কারণে পদত্যাগ করতে চাইলে অ্যাসোসিয়েশনের সভাপতির কাছে লিখিতভাবে পদত্যাগপত্র দাখিল করতে হবে। নির্বাহী পরিষদ পদত্যাগ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। নির্বাহী পরিষদ প্রয়োজন মনে করলে পদত্যাগপত্র প্রত্যাহারের জন্য অনুরোধ করতে পারবে;

খ) নির্বাহী পরিষদের কোনো পদ শূন্য হলে নির্বাহী পরিষদ উক্ত পদের জন্য যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

২০। উপদেষ্টা পরিষদ

সাধারণ পরিষদের মধ্য থেকে জ্যেষ্ঠ সদস্যদের নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হবে। উপদেষ্টা পরিষদের কোনো সদস্য যুগপৎভাবে উপদেষ্টা পরিষদ ও নির্বাহী পরিষদের সদস্য হতে পারবেন না। নির্বাহী পরিষদ মনে করলে নির্বাহী পরিষদের সভায় উপদেষ্টা পরিষদের যে কোনো সদস্যকে আমন্ত্রণ জানাতে পারবে। তবে তাঁরা কোনো সিদ্ধান্তের ব্যাপারে ভোট প্রদান করতে পারবেন না। উপদেষ্টা পরিষদের সদস্যগণ বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকতে পারবেন।

২১। পৃষ্ঠপোষক পর্ষদ

নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে সাধারণ পরিষদের মধ্য থেকে জ্যেষ্ঠ সদস্যদের নিয়ে অ্যাসোসিয়েশনের জন্য একটি পৃষ্ঠপোষক পর্ষদ গঠন করা হবে এবং তার মধ্যে একজন হবেন প্রধান পৃষ্ঠপোষক। পৃষ্ঠপোষক পর্ষদের কোনো সদস্য যুগপৎভাবে পৃষ্ঠপোষক পর্ষদ ও নির্বাহী পরিষদের সদস্য হতে পারবেন না।

২২। নির্বাচন

নির্বাচন পরিচালনার জন্য নির্বাহী পরিষদ একজন প্রধান নির্বাচন কমিশনার এবং ৪(চার) জন নির্বাচন কমিশনার সমন্বয়ে একটি নির্বাচন কমিশন গঠন করবে। নির্বাচন কমিশনের সদস্যগণ নির্বাচনে প্রার্থী হতে পারবেন না। অ্যাসোসিয়েশনের সদস্যদের মধ্য থেকে যিনি নির্বাচনে প্রার্থী হতে আগ্রহী হবেন তাঁকে অ্যাসোসিয়েশনের কার্যালয় থেকে 'আগ্রহ-ফরম' সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন কমিশনের কাছে জমা দিতে হবে। নির্বাচন কমিশন সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক, সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে পরামর্শক্রমে নতুন কমিটি গঠন করবেন এবং সাধারণ সভায় তা ঘোষণা করবেন। তবে যৌক্তিক কোনো কারণে এ পদ্ধতি কার্যকর করা সম্ভব না হলে নির্বাচন কমিশন পরবর্তী ২(দুই) মাসের মধ্যে নির্বাচন পরিচালনা ব্যবস্থা করবেন।

২৩। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম কমিটি নির্বাচন

মিলন মেলা ২০২০ এ উপস্থিত বায়োজ্যেষ্ঠ ও উদ্যোগী সদস্যদের মধ্য থেকে ৫ জনকে নিয়ে 'নির্বাচনী সাবজেক্ট কমিটি' গঠন করে সদস্যদের সম্মিলিত মতামতের প্রতিফলন ঘটিয়ে অ্যাসোসিয়েশনের প্রথম কমিটি গঠিত হবে।

২৪। গঠনতন্ত্রের সংশোধনী

সাধারণ পরিষদের সভায় উপস্থিত মোট সদস্যদের দুই-তৃতীয়াংশের ভোটে গঠনতন্ত্রে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও সংশোধন আনা যাবে।

২৫। অডিট

বার্ষিক সাধারণ সভার পূর্বে নির্বাহী পরিষদ একটি অডিট টিম নিয়োগ করবে, যাঁরা সাধারণ সভা অনুষ্ঠানের পূর্বে অ্যাসোসিয়েশনের আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করে সাধারণ সভায় পেশ করার জন্য নির্বাহী পরিষদের নিকট প্রতিবেদন দাখিল করবেন। নির্বাহী পরিষদের কোনো সদস্য অডিট টিমে অন্তর্ভূক্ত হতে পারবেন না।

২৬। গঠনতন্ত্রের ব্যাখ্যা

গঠনতন্ত্রের কোনো বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন হলে নির্বাহী পরিষদ পৃষ্ঠপোষক পর্ষদ এবং উপদেষ্টা পরিষদের সাথে আলোচনা করবে।

২৭। বিলুপ্তকরণ

কোনো কারণে 'দুলাই উচ্চ বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন' বিলুপ্ত করতে হলে সাধারণ পরিষদের সভা ডেকে সাধারণ পরিষদের মোট সদস্যের দুই-তৃতীয়াংশের মতের ভিত্তিতে তা করা যাবে। সেক্ষেত্রে দুলাই উচ্চ বিদ্যালয় কোনো দায় না নিয়ে অ্যাসোসিয়েশনের পক্ষে সকল সম্পত্তি গ্রহণ করবে।